



Total number of printed pages-4

14 (BEN-2) 2026

2022

BENĀGALI

Paper : BEN-2026

(আধুনিক বাংলা কবিতা)

Full Marks : 80

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : $2 \times 8 = 16$

(ক) '..... তপে মগ্ন এবে,

তাপসেন্দ্র"

উক্তিটি কার ? এখানে 'তাপসেন্দ্র' বলতে কাকে বোঝানো হয়েছে ?

(খ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের প্রথম সর্গে বর্ণিত 'বারীন্দ্র মহিষী' কে ? তিনি কোথায় বাস করতেন ?

(গ) 'সারদামঙ্গল' কাব্যের দ্বিতীয় ও তৃতীয় সর্গের গীতির রাগিনী ও তালের নাম লেখো।

Contd.

- (ঘ) “কেন প্রিয় তরু লতা
ডেকে নাহি কহ কথা,
কেন রে হৃদয় কেন শ্মশান উদাস।”
‘সারদামঙ্গল’ কাব্যের এই উদ্ধৃতাংশ কোন সর্গ থেকে
নেওয়া হয়েছে। কবির হৃদয় উদাস হওয়ার কারণ
লেখো।
- (ঙ) “মুসোলীনি যুদ্ধগামী বর্বরের মতো,
এবং উদ্বাস্ত টুট্‌স্কি ইতিমধ্যে দেশে’ দেশান্তরে ঘুরে
মরেছিল,”— মুসোলীনি ও টুট্‌স্কি কে ছিলেন ?
- (চ) সুধীন্দ্রনাথ দত্তের নিম্নলিখিত কবিতাগুলির কোন
কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ?
পরাবর্ত, শাশ্বতী, সংবর্ত, প্রশ্ন।
- (ছ) ‘আমিই প্রথম
ব্রাত্যনারী’
কবিতার উপরে উল্লিখিত পংক্তি দুটি কোন কবিতার
অন্তর্ভুক্ত ? এখানে ‘ব্রাত্যনারী’ কে ?
- (জ) ‘আর একমাত্র সেই ইডিপাসই
জন্ম দিতে জানে তোকে,!’
‘তোকে’ বলতে কাকে বোঝানো হয়েছে ? চরিত্রটি
কোন পুরাণের অন্তর্গত ?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো : ৬×৪=২৪

- (ক) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের কাহিনীতে চিত্রাঙ্গদা চরিত্রের গুরুত্ব নির্ণয় করো।
- (খ) 'সারদামঙ্গল' কাব্যগ্রন্থের প্রথম সর্গ অবলম্বনে দেবী সারদার সৌন্দর্যের বর্ণনা দাও।
- (গ) 'হরিণা বৈরী' কবিতার বিষয়বস্তু সংক্ষেপে লেখো।
- (ঘ) " ভেলা আমি ভাসিয়েছিলুম একদা তাদেরই মতো, আজ এটুকুই আমার পরম পরিচয়। " — কবিতাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো।
- (ঙ) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের দ্বিতীয় সর্গ অবলম্বনে দেব-দেবী চরিত্রের বিশেষত্ব তুলে ধরো।

৩। (ক) 'মেঘনাদবধ কাব্য' গ্রন্থের প্রথম সর্গের রাবণচরিত্র ও নবম সর্গের রাবণ চরিত্রের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো। ১০

অথবা

(খ) "..... গাইব, মা বীররসে ভাসি,
মহাগীত."

মাইকেল মধুসূদন দত্ত 'মেঘনাদবধ কাব্য' কে বীররসের কাব্য করে তুলতে কতটা সক্ষম হয়েছেন, সে বিষয়ে যথাযথ আলোচনা করো। ১০

৪। (ক) 'সারদামঙ্গল' কাব্য অবলম্বনে বিহারীলালের
নিসর্গচেতনার পরিচয় দাও। ১০

অথবা

(খ) 'সারদামঙ্গল' কাব্যে বিহারীলাল-অঙ্কিত 'ত্রিকালের ত্রিবিধ
সরস্বতী' রূপের পরিচয় দাও।

৫। (ক) তোমার পঠিত সুধীন্দ্রনাথ দত্তের কবিতাগুলি অবলম্বনে
তাঁর পুরাণ-চেতনার পরিচয় দাও। ১০

অথবা

(খ) সুধীন্দ্রনাথ দত্তের প্রেম সম্পর্কীয় ভাবনা 'শাস্বতী' কবিতা
অবলম্বনে বুঝিয়ে লেখো।

৬। (ক) তোমার পঠিত কবিতা সিংহের কবিতাগুলি অবলম্বনে
নারীর জীবনচিত্র অঙ্কনে কবির অভিনবত্ব ও কৃতিত্বের
পরিমাপ করো। ১০

অথবা

(খ) 'আস্তিগোনে' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।



<http://www.elearninginfo.in>